

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/এইচএসসি/সাধারণ যোগাযোগ/২০১৭/৫২০৬

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

বিষয় : বাউবির এইচএসসি পরীক্ষা-২০২৬ পরীক্ষার্থীদের উপস্থিতির (Attendance Sheet) জন্য ছবিযুক্ত স্বতন্ত্র হাজিরাশীট মুদ্রণ ও ব্যবহার প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ আগামী ১৭/০৭/২০২৬ তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। উক্ত পরীক্ষার পরীক্ষার্থীদের ছবিযুক্ত স্বতন্ত্র উপস্থিতিপত্র (Attendance Sheet) ব্যবহার করতে হবে। ছবিযুক্ত উপস্থিতিপত্র (Attendance Sheet) পরীক্ষা কেন্দ্রের প্যানেলে exam.bou.ac.bd ওয়েবসাইটে দেওয়া হয়েছে। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা exam.bou.ac.bd-তে প্রবেশ করে User ID এবং Password দিয়ে Login করে উপস্থিতিপত্র লিংকে ক্লিক করে স্টাডি সেন্টারভিত্তিক সাদা কালো ছবিযুক্ত স্বতন্ত্র উপস্থিতিপত্র (Attendance Sheet) মুদ্রণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২. এছাড়াও উপস্থিতিপত্র (Attendance Sheet) এর Soft Copy আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের ই-মেইলে দেওয়া হয়েছে।


৩. সাদা কালো ছবিযুক্ত উপস্থিতিপত্র (Attendance Sheet) মুদ্রণ খরচ বাবাদ প্রতি পৃষ্ঠা ৫/- (পাঁচ) টাকা হারে 'কেন্দ্র ফি' এর সাথে প্রদান করা হবে।

৪. আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করে উল্লিখিত উপস্থিতিপত্র (Attendance Sheet) এর মুদ্রণ সম্পন্ন হয়েছে মর্মে আগামী ১৪/০৭/২০২৬ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে।

এমতাবস্থায়, ছবিযুক্ত স্বতন্ত্র উপস্থিতিপত্র (Attendance Sheet) মুদ্রণ ও ব্যবহার সংক্রান্ত বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন (উপ-আঞ্চলিক কেন্দ্রসহ) সকল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সময়কারীকে অবহিতকরণ এবং নিয়ন্ত্রককে নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদসহ,


মোঃ হাবিবুল্লাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। ডিন, ওপেন স্কুল, বাউবি।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ৪। অধ্যক্ষ/সময়কারী, এইচএসসি পরীক্ষা-২০২৬ এর পরীক্ষা কেন্দ্র (সকল), বাউবি।
- ৫। যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
- ৬। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। একান্ত সচিব, প্রো-উপাচার্যের দপ্তর (শিক্ষা), বাউবি। প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। সিনিয়র সহকারী প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

